

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪৮

১/ বিবিধ

আরবী

الجمال صواب القول بالحق، والكمال حسن العفاف بالصدق
ضعيف جداً

رواه أبو نعيم في " فضائل الخلفاء الأربعة " (2 / 2 / 2) والسلفي في " أحاديث
وحكايات " (1 / 78) وابن النجار (10 / 174 / 1) والديلمي (2 / 81) وابن عساكر (8
/ 471 / 2) عن عمر بن إبراهيم عن أيوب بن سيار عن محمد بن المنكر عن جابر
قال: جاء العباس إلى النبي صلى الله عليه وسلم وعليه ثياب بياض، فلما نظر تبسم،
قال العباس: يا رسول الله ما الجمال؟ قال: فذكره. قلت: وهذا إسناد ضعيف جداً،
آفته أيوب بن سيار فإنه ليس بثقة كما قال النسائي وغيره، وقال ابن حبان (1 / 159)
: " يقلب الأسانيد

ويرفع المراسيل ". والراوي عنه عمر بن إبراهيم وهو الكردي الهاشمي مثله في
الضعف، لكنه قد توبع عليه، أخرجه أبو نعيم في " أخبار أصبهان " (2 / 86 – 87)
عن همام بن مسلم عن أيوب به. لكن هماما هذا مثله في الضعف قال الدارقطني
متروك ". قلت: فلا يستشهد به لاسيما وقد قال ابن حبان: " يسرق الحديث
فلعله سرقه من الكردي هذا

والحديث أورده السيوطي في " الجامع " من رواية الحكيم عن جابر. وتعقبه المناوي
في شرحه عليه بقوله: " قضية صنيع المصنف أنه لم يره مخرجا لأحد من المشاهير
الذين وضع لهم الرموز، وهو عجيب! فقد رواه أبو نعيم في " الحلية " والديلمي في "

الفردوس " والبيهقي في " الشعب " فعدوله للحكيم واقتصاره عليه الموهم غير لائق،
ثم إن فيه أيوب بن سيار (الأصل يسار وهو خطأ مطبعي) الزهري قال الذهبي:
ضعيف جدا تفرد به عنه عمر بن
إبراهيم وهو ضعيف جدا". وفي قول الذهبي أن عمر تفرد به عن أيوب نظر، للمتابعة
التي ذكرتها، وعزوه للحلية فيه وقفة، فإنني لم أجده في " الحلية ". والله أعلم

বাংলা

৭৪৮। সৌন্দর্য হচ্ছে সততার সাথে সঠিক কথায়। আর পরিপূর্ণতা হচ্ছে সত্যবাদিতার সাথে সৎ চরিত্রের
অধিকারী হওয়াতে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি আবু নোয়াইম "ফায়ায়েলুল খুলাফাইল আরবায়াহ" (২/২/২) গ্রন্থে, আস-সিলাফী "আহাদীছু ওয়া হেকাইয়াত"
(১/৭৮) গ্রন্থে, ইবনুন নাজ্জার (১০/১৭৪/১), দাইলামী (২/৮১) এবং ইবনু আসাকির (৮/৪৭১/২) উমর ইবনু
ইবরাহীম হতে তিনি আইয়ুব ইবনু সাযয়্যার হতে তিনি মুহাম্মাদ ইবনুল মুনকাদির হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে আইউব ইবনু সাযয়্যার। কারণ তিনি
নির্ভরযোগ্য নন যেমনটি নাসাঈ ও অন্য বিদ্বানগণ বলেছেন।

ইবনু হিব্বান বলেনঃ তিনি সনদগুলোকে উলট পালট করে ফেলতেন এবং মুরসালগুলোকে মারফু' করে
ফেলতেন।

তার থেকে বর্ণনাকারী উমর ইবনু ইবরাহীম আল-কুরদী আল-হাশেমীও দুর্বলতার দিক দিয়ে তার ন্যায়। কিন্তু
তার মুতাবায়াত করা হয়েছে। যেটি আবু নোয়াইম "আখবার আসবাহান" (২/৮৬-৮৭) গ্রন্থে উল্লেখ করেছেন।
কিন্তু এটির সনদের মুতাবায়াতকারী হুমাম ইবনু মুসলিমও তার ন্যায় দুর্বল।

দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক।

আমি (আলবানী) বলছিঃ তার দ্বারা শাহেদ গ্রহণ করা যায় না। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি হাদীছ
চোর। সম্ভবত তিনি আল-কুরদী হতে হাদীছটি চুরি করেছেন।

হাদীছটি সুযুতী "আল-জামে" গ্রন্থে আল-হাকীমের বর্ণনায় জাবের (রাঃ) হতে উল্লেখ করেছেন। এ কারণে মানবী
তার সমালোচনা করেছেন। কারণ এটির সনদেও আইউব ইবনু সাযয়্যার এবং উমর ইবনু ইবরাহীম রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71627>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন